

খণ্ড 7

খণ্ড 7

Dekalb County School District পরিবারকে শুভেচ্ছা,

নতুন স্কুল শিক্ষাবর্ষের শুরুটা সবসময়েই খুব উত্তেজনার সময়, যদিও এই বছরটা একটু ভিন্ন হতে চলেছে। খুবই আনন্দের সাথে জানাচ্ছি ভার্চুয়াল ক্লাসের প্রস্তুতি পুরোদমে চলছে এবং সঠিকভাবে নতুন স্কুল শিক্ষাবর্ষের শুরু করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি। আমরা খুঁটিয়ে যে পরিকল্পনা করেছি এবং যেভাবে আমাদের বিদ্যার্থীদের কাছে দূরশিক্ষার সেবা সুযোগ পৌঁছে দেওয়ার দায়বদ্ধতা নিয়েছি তাতে আমরা নিশ্চিত।

এই সপ্তাহে ছোটখাটো কিছু বাধা এসেছে, তবে আমাদের কর্মীরা কানেক্টিভিটি থেকে রেজিস্ট্রেশন পর্যন্ত সর্বক্ষেত্রে এই সমস্যাগুলির অনেক কটিই সমাধান করতে পেরেছেন। প্রতিটি সমস্যাই আরও ভাল কিছু করে দেখানোর সুযোগ নিয়ে আসেছে সেইসব পরিবারকে অসংখ্য ধন্যবাদ যারা অব্যবহৃত ডিভাইস ফিরিয়ে দিয়েছেন, এর ফলে ইনফর্মেশন টেকনোলজি ডিপার্টমেন্টের পক্ষে যেসব শিক্ষার্থীর সেগুলি প্রয়োজন আছে তাদেরকে সাহায্য করা সম্ভব হয়েছে। এভাবেই এগিয়ে যাক DCSD!

এই সপ্তাহে আমি আমাদের শিক্ষার্থী ও কর্মীদের কিছু দারুণ প্রতিভা ও মেধার কথা তুলে ধরতে চাইব। Early Learning Center-এর Mr. Mark Knowles বিটমোজির ক্লাস করিয়ে বিদ্যার্থীদের মন জয় করে নিয়েছেন। তিনবছর বয়সী এক শিশুর মা Corinne জানিয়েছেন, "Mr. Knowles দারুণ কাজ করেছেন!!! Corinne সত্যিই Mr. Knowles-এর সেন্স-পোর্টেট আঁকার দক্ষতা ও ড্রয়িং এক্সারসাইজগুলি উপভোগ করছেন। নিজেকে আঁকা ছবিতে দেখলে নিজেকে ঠিক কতটা মূল্যবান লাগে তিনি সেই বিষয় দিয়ে বক্তব্য রাখতে শুরু করেন। তিনি Mr. Knowles-এর গানবাজনায় উৎসাহ ও গল্পছলে শেখানোর কৌশল পছন্দ করেছেন।"

আপনার এক টুকরো এই শিল্পের জন্য অনেক ধন্যবাদ Miss Corinne। এটি আমার মন ছুঁয়ে গেছে!

মানসিক স্বাস্থ্য

কোভিড-19-এ আক্রান্ত ব্যক্তির সংখ্যা এবং সেই অনুসারে আমাদের স্কুল খোলার পরিকল্পনা আমরা ধারাবাহিকভাবে মূল্যায়ন করে চলেছি। স্কুল শিক্ষাবর্ষ শুরু করতে চলার সময়, আমাদেরকে এটাও খেয়াল রাখতে হচ্ছে যে কোভিড-19 অতিমারী যৌথভাবে সকলের কাছে দুর্ভাগ্যজনক যা স্কুলের বয়সী শিশু ও তাদের পরিবারদেরকে অপ্রত্যাশিতভাবে প্রভাবিত করেছে। DeKalb County School District আমাদের বিদ্যার্থীদের মানসিক, মনস্তাত্ত্বিক এবং সামাজিক সুস্থতার কথা মাথায় রাখতে একটি পরিকল্পনা গ্রহণ করেছে। U. S. কংগ্রেসের বিশিষ্ট মুখ মাননীয়া Lucy McBath স্কুল ডিস্ট্রিক্টকে ফোন করে সাইকোলজিকাল সার্ভিসেস ডিপার্টমেন্ট থেকে নিজের কংগ্রেসের

ডিস্ট্রিক্টভুক্ত পরিবার ও শিক্ষার্থীরা কী কী মানসিক ও মনস্তাত্ত্বিক সহায়তা লাভ করবে তা জানতে চেয়েছেন। 18 আগস্ট, 2020-তে, স্কুলের মনস্তত্ত্ববিদ Alanna Works "কোভিড-19 এবং মানসিক স্বাস্থ্য" বিষয়ে বিশেষজ্ঞদের প্যানেলের সামনে একটি উপস্থাপনা দেন। Ms. Work-এর উপস্থাপনা ও আলোচনা স্কুলের বয়সীদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত পরিসংখ্যান, বাচ্চাদের উপর কোয়ারান্টাইনে থাকার মনস্তাত্ত্বিক প্রভাব এবং সহায়তা প্রদান করার সাধারণ প্রস্তাবগুলি তুলে ধরেছে। আমরা Ms. Alanna-এর কাছে কৃতজ্ঞ, কারণ তিনি শিক্ষার্থী, কর্মী ও পরিবারদের জন্য যথাযথ সহায়তা নিশ্চিত করতে নিজের জ্ঞান শেয়ার করেছেন।

নতুন স্কুল শিক্ষাবর্ষে প্রবেশের সাথে সাথে, সরকারি চাকুরে হিসেবে আমরা যা যা করি তার সাথে আমাদের মূল্যবোধও বজায় রাখব। শেষ বোর্ড মিটিংয়ে কম্প্রিহেনসিভ মাস্টার প্ল্যান সংক্রান্ত তথ্য বৈঠকের আগে হাতে হাতে উপলভ্য ছিল না। সরকারি শিক্ষার ক্ষেত্রে স্বচ্ছতা আমাদের কাজের একটি মূল অঙ্গ। অনুগ্রহ করে এই ডকুমেন্টগুলি [কম্প্রিহেনসিভ মাস্টার প্ল্যানে](#) দেখুন।

শেষে আমি এটাই বলতে চাইব যে আমাদের সব কর্মীরা আপ্রাণ পরিশ্রম করে আমাদের ডিস্ট্রিক্ট যাতে সর্বোচ্চ মান বজায় রাখতে পারে তা নিশ্চিত করছে। আমাদের শিক্ষার্থী ও পরিবারদের অসংখ্য ধন্যবাদ জানাই, যারা নতুন উপায়ে ও নতুন পরিবেশে ভার্চুয়ালি শিক্ষালাভ করার ব্যাপারে আমাদেরকে ধৈর্য সহকারে সহায়তা করেছেন। আপনাদের সপ্তাহান্ত ভাল কাটুক!

আপনার 1 নম্বর চিয়ারলিডার

Mrs. Cheryl Watson-Harris, সুপারিন্টেন্ডেন্ট